



যায়যায়দিন

২৮ সেপ্টেম্বর ২০২৪ শনিবার



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে 'বিশ্ব ফার্মাসিস্ট দিবস' পালিত

প্রতি বছরের মতো এবারও ২৫ সেপ্টেম্বর বুধবার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে বিশ্বের ফার্মাসিস্টদের সম্মানে পালিত হয়েছে 'বিশ্ব ফার্মাসিস্ট দিবস'। বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল সায়েন্স অনুষদ ও ফার্মাসিউটিক্যাল ক্লাবের সহযোগিতায় দিবসটি পালন উপলক্ষে এক র্যালির আয়োজন করা হয়। দিবসটির বিষয়বস্তু ছিল 'বিশ্বব্যাপী স্বাস্থ্য খাতের চাহিদা পূরণে ফার্মাসিস্টের প্রয়োজনীয়তা' (ইন্টারন্যাশনাল ফার্মাসিউটিক্যাল ফেডারেশন প্রদত্ত)।

প্রধান অতিথি ফিতা কেটে ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আব্দুল হান্নান চৌধুরী। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপ-উপাচার্য ড. আব্দুর রবখান, বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হেলথ অ্যান্ড সায়েন্সের ডিন প্রফেসর ড. দীপক কুমার মিত্র, ফার্মাসিউটিক্যাল অনুষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. মাহবুবুর রহমান

ও ড. মো. সৈয়দ উয় জামান (ডিরেক্টর অব স্টুডেন্ট অ্যাফেয়ার্স)।

উদ্বোধন শেষে ভবিষ্যৎ ফার্মাসিস্টদের উদ্দেশ্যে প্রধান অতিথি এবং অতিথিরা গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন।

প্রধান অতিথি আব্দুল হান্নান চৌধুরী বিশ্বব্যাপী স্বাস্থ্য খাতে ফার্মাসিস্টদের ভূমিকা তুলে ধরেন এবং শিক্ষার্থীদের মানবসেবায় নিজেদের উৎসর্গ করার অনুপ্রেরণা দেন।

অনুষ্ঠান পরিচালনার দায়িত্বে ছিলেন নর্থ সাউথ ফার্মাসিউটিক্যাল ক্লাবের উপদেষ্টা জুনায়েত হোসেন খান (সিনিয়র লেকচারার, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়)

দিবসটি পালনের মূল লক্ষ্য- স্বাস্থ্য খাতের নীরব যোদ্ধা; ফার্মাসিস্ট, যারা পর্দার আড়ালে নিরন্তর পরিশ্রম করে রোগীর সেবা এবং কল্যাণে তাদের অবদান দেশব্যাপী তুলে ধরা এবং ফার্মাসিস্টদের কর্মপরিসর বিস্তারে সচেতনতা তৈরি করা। সংবাদ বিজ্ঞপ্তি